

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫২/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল করিম

বিছমিল্লা হোমিও হল

ব্রান্ডানবাজার ঢাক

কোড নং কাজলদারা-৩২৩৪

কুলাউড়া, মৌলভীবাজার।

প্রতিপক্ষ : জনাব মোঃ আব্দুল বারী

সচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

৫নং ব্রান্ডানবাজার ইউপি, কুলাউড়া

মৌলভীবাজার।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল করিম ১৬-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আব্দুল বারী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৫নং ব্রান্ডানবাজার ইউপি, কুলাউড়া, মৌলভীবাজার বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. ৫নং ইউপি হইতে পশ্চিম দিকে গুড়াভূঁই গ্রামের সিমান্ত কতদুর?
২. গুড়াভূঁই সংযুক্ত ৫ নং ওয়ার্ডের ইউ. পি. সদস্যের নাম কি?
৩. গুড়াভূঁই গ্রামের পশ্চিমে আয়নাছড়া গ্রাম বা মোকাম কত দুর?
৪. পরিষদের পশ্চিম দিকে রেকর্ড কাজলধারা রাবার বাগান নামের কোন কাঁচা রাস্তা, ধান চাষের জমি আছে কিনা অথবা ৫ নং ইউপি অর্তগত কাজলধারা রাবার বাগান নামকরণে কোন রাবার বাগানের নাম আছে কিনা, থাকিলে কুলাউড়া থানার রাবার বাগান গুলোর নামের তালিকার কপি।
৫. গুড়াভূঁই গ্রামের ৯৮৭ জন পুরুষ ভোটারের মধ্যে বশির খাঁ, পিতা-মৃত মদরিহ খাঁ নামে ২৫ বছরের কোন লোক আছে কিনা?
৬. পরিষদের পূর্ব দিকে ব্রান্ডানবাজার কত দুর বিস্তৃত?
৭. গুড়াভূঁই গ্রামের ঠিক উত্তরে কোন গ্রাম অবস্থিত?
৮. গুড়াভূঁই গ্রাম ও অত্র পরিষদের ডাকখরের নাম কাজলধারা সঠিক কিনা?
৯. গুড়াভূঁই গ্রাম সাকিনস্থ “গুসাইটলা” বলিয়া আলাদা কোন স্থান বা গ্রামের নাম রেকর্ড আছে কিনা?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২১-০৪-২০১৪ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ৫নং ব্রান্ডানবাজার ইউনিয়ন পরিষদ, ডাক-কাজলদারা কোং-৩২৩৪, উপজেলা-কুলাউড়া, জেলা-মৌলভীবাজার বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৯-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ:পঃদ্রঃ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল করিম ও প্রতিপক্ষ জনাব মোঃ আব্দুল বারী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৫নং ব্রাহ্মণবাজার ইউপি, কুলাউড়া, মৌলভীবাজার হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৫নং ব্রাহ্মণবাজার ইউপি, কুলাউড়া, মৌলভীবাজার তার বক্তব্যে উল্লেখ করেন যে, তার দণ্ডে ক্রমিক নং ০২ ও ০৮ এর তথ্য সংরক্ষিত রয়েছে। অভিযোগকারীকে মৌখিকভাবে সে তথ্য জানানো হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে যে সকল তথ্য সংরক্ষিত রয়েছে তা লিখিতভাবে সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার কার্যালয়ে সংরক্ষিত তথ্য অভিযোগকারীকে মৌখিকভাবে জানিয়েছেন, লিখিতভাবে প্রদান করেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য লিখিতভাবে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদ্পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে যে সকল তথ্য তার কার্যালয়ে সংরক্ষিত রয়েছে, তা সরবরাহ করার জন্য এবং যে সকল তথ্য সরবরাহ করা সম্ভব নয় তার যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক অভিযোগকারীকে অবগত করার জন্য সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৫নং ব্রাহ্মণবাজার ইউপি, কুলাউড়া, মৌলভীবাজার-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।  
সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)

প্রধান তথ্য কমিশনার